

বেরোবিতে ছাত্র উপদেষ্টার পদত্যাগের গুরুত্ব

বেরোবি প্রতিনিধি

প্রকাশিত: ১০:৪৬, ৭ আগস্ট ২০২৫



×

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ ও পরামর্শ দপ্তরের
প্রধান প্রফেসর ড. ইলিয়াছ প্রামাণিক পদত্যাগ করেছেন বলে
ক্যাম্পাসে গুরুত্ব রয়েছে।

×

প্রশাসনিক ব্যর্থতা, ক্যাম্পাসে লেজুড়বৃত্তিক ছাত্ররাজনীতির ব্যাপারে প্রশাসনের উদাসীনতাসহ কয়েকটি ঘটনায় শিক্ষার্থীরা প্রশাসনের নিষ্ক্রিয়তাকে দায়ী করে প্রক্টরের পদত্যাগ দাবি করতে শোনা যায়। তবে এরই মধ্য ছাত্র উপদেষ্টার পদত্যাগের গুরুত্ব ক্যাম্পাসে মিশ্র প্রতিক্রিয়া তৈরি করছে।

×

সম্প্রতি কয়েকজন সমন্বয়ক তার দপ্তরে শাড়ি ও চুড়ি রাখার ঘটনায় উপাচার্য
বরাবর তিনি এ পদত্যাগ জমা দেন বলে জানা গেছে।

সূত্র জানায়, এ ঘটনার পর থেকে ছাত্র কল্যাণ ও পরামর্শ দপ্তরে
অফিস করছেন না ড. ইলিয়াছ প্রামাণিক।

×

জানা যায়, লেজুড়ভিত্তিক ছাত্র রাজনীতি বন্ধ করতে প্রশাসনের
নিকট থেকে কার্যকর উদ্যোগ না দেখে বেশ কয়েকজন
আন্দোলনকারী বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. ফেরদৌস রহমান ও
ছাত্র কল্যাণ ও পরামর্শ দপ্তরের প্রধান ড. ইলিয়াছ প্রামাণিকের
কক্ষে শাড়ি ও চুড়ি রেখে প্রতিবাদ জানায়।

এ ঘটনাকে কেন্দ্র করে ত্রিদিন রাতেই উপাচার্য বরাবর নিজের পদত্যাগ পত্র জমা দেন বলে জানা যায়।

যোগাযোগ করা হলে ড. ইলিয়াছ প্রামাণিক বলেন, "আমি ছাত্রদের সমস্যায় সবসময় তাদের পাশে থাকার চেষ্টা করেছি, ঘটনার আগের রাত্রে দুইটা পর্যন্ত আমি জুলাই আহত শিক্ষার্থী জয় কে নিয়ে সিএমএইচ হাসপাতালে ছিলাম। আমার দপ্তর ছাত্রদের বিভিন্ন সমস্যা নিয়ে কাজ করে। ক্যাম্পাসের আইনশৃংখলা, রাজনীতি বা অন্য কোন বিষয় আমার দপ্তরের কাজ না। তারপরও তারা কেন এই কাজটি করলো সেটা আমার জানা নেই।"

তিনি আরো বলেন, তিনি উপাচার্য বরাবর পদত্যাগ পত্র জমা দিয়েছেন এবং এ ঘটনায় তিনি মর্মাহত।
